গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
কাস্টমস হাউস, ঢাকা
www.dch.gov.bd
Email:dch@nbr.gov.bd

নথি নং- ৫-কাস-১২(০৯)/ই-অকশন-০১/২০২৬/মূলনথি/২০২৬/ ৪৫২৬ তারিখ: ১৬/০৪/২০২৬ খ্রি.

**বিষয়: কাস্টমস হাউস, ঢাকার ই-অকশন নং- ০১/২০২৬ এর আওতাভুক্ত দাবীদারবিহীন/ বাজেয়াপ্তকৃত মোবাইলের নিলাম কার্যক্রম গ্রহণ।**

কাস্টমস হাউস ঢাকার অধিক্ষেত্রাধীন রাষ্ট্রীয় গুদাম (১, ২ ও ৩) এ রক্ষিত (আটককৃত ও বাজেয়াপ্তকৃত) মোবাইলগুলো কাস্টমস আইন, ২০২৩ এর ধারা ৯৪ এর ক্ষমতাবলে ই-অকশন এবং সিল্ড টেন্ডার এর মাধ্যমে বিক্রয়ের জন্য কর্তৃপক্ষ সিদ্ধান্ত নিয়েছেন।

**০২। নিলাম অনুষ্ঠানের বিবরণ:**

(ক) নিলাম নং ও অনুষ্ঠানের তারিখ: ই-অকশন নম্বর ০১/২০২৬, তারিখ: ০৩/০৫/২০২৬ খ্রি.।

(খ) সিডিউল বিক্রয়ের তারিখ: ২০/০৪/২০২৬ খ্রি. হতে ৩০/০৪/২০২৬ খ্রি.।

(গ) পণ্য প্রদর্শনের তারিখ: ২১/০৪/২০২৬ খ্রি. হতে ২৩/০৪/২০২৬ খ্রি.।

(ঘ) পত্রিকায় প্রকাশের তারিখ: ১৮/০৪/২০২৬ খ্রি.।

(ঙ) সিডিউল জমাদানের তারিখ: ২০/০৪/২০২৬ খ্রি. হতে ৩০/০৪/২০২৬ খ্রি. দুপুর ১২:৩০ ঘটিকা পর্যন্ত।

(চ) সিডিউল পাওয়া যাবে: মেসার্স কে এম কর্পোরেশন (সরকারি নিলামকারী) (অ) ৮০, মতিঝিল বা/এ, ঢাকা (আ) ৩০৬,স্ট্যান্ড রোড, মাঝিরঘাট, চট্টগ্রাম (ই) কাস্টমস হাউস, কুর্মিটোলা, ঢাকা।

(ছ) দরপত্র দাখিলের স্থান:

(অ) ডেপুটি/অ্যাসিস্ট্যান্ট কমিশনার অব কাস্টমস (নিলাম শাখা), কাস্টমস হাউস, ঢাকা।

(আ) ডেপুটি/অ্যাসিস্ট্যান্ট কমিশনার অব কাস্টমস (নিলাম শাখা), কাস্টমস হাউস, আইসিডি, কমলাপুর, ঢাকা।

(ই) উপ/সহকারী কমিশনার (সদর/প্রশাসন), কাস্টমস, এক্সাইজ ও ভ্যাট কমিশনারেট, ঢাকা (দক্ষিণ), ঢাকা।

(ঈ) উপ/সহকারী কমিশনার (সদর/প্রশাসন), কাস্টমস, এক্সাইজ ও ভ্যাট কমিশনারেট, ঢাকা (উত্তর), ঢাকা।

০৩। যে সকল দরপত্রদাতা ডাকযোগে দরপত্র পাঠাবেন তাদের দরপত্র ও প্রয়োজনীয় কাগজপত্র ই-অকশন নম্বর ০১/২০২৬ এর জন্য ০৩/০৫/২০২৬ খ্রি. বেলা ১২:৩০ টার মধ্যে ডেপুটি/অ্যাসিস্ট্যান্ট কমিশনার অব কাস্টমস (নিলাম শাখা), কাস্টমস হাউস, ঢাকার অফিস কক্ষে পৌঁছাতে হবে (উক্ত সময়ের পর কোন দরপত্র পাওয়া গেলে তা বিবেচনায় নেয়া হবে না)।

০৪। ই-অকশন নম্বর ০১/২০২৬ এর জন্য ০৩/০৫/২০২৬ খ্রি. তারিখ বেলা ২:৩০ টায় কাস্টমস হাউস, ঢাকার সম্মেলন কক্ষে দরদাতাদের সামনে (যদি কেউ উপস্থিত থাকেন) খোলা হবে।

০৫। দরপত্রের উদ্ধৃত মূল্যের ১০% হারে আর্নেস্ট মানি সিল্ড টেন্ডারের সাথে **"DCH Commissioner Auction Fund"** কাস্টমস হাউস, ঢাকার অনুকূলে যে কোন তফসিলি ব্যাংক হতে পে-অর্ডার/ব্যাংক ড্রাফট এর মাধ্যমে জমা দিতে হবে। অসম্পূর্ণ দরপত্র/পে-অর্ডার/ব্যাংক ড্রাফট কোন ক্রমেই গ্রহণযোগ্য/বিবেচিত হবে না।

০৬। নিলামভুক্ত লটে যে কোন পণ্যের বিপরীতে মামলা/রিট/আপিল থাকলে তা যে কোন সময় বাতিল বলে গণ্য হবে। এছাড়া ক্যাটালগভুক্ত পণ্যের ক্ষেত্রে আমদানি নীতি আদেশ, ২০২১-২৪ অনুযায়ী শর্ত প্রযোজ্য থাকলে নিলাম প্রাপ্তকে অফার লেটার প্রদানের ১৫ (পনের) দিনের মধ্যে শর্ত পূরণ করতে হবে। অন্যথায় উক্ত পণ্য ব্যতিরেকে নিলামের অন্যান্য পণ্য গ্রহণ করতে হবে। এছাড়া নিলামের স্থায়ী আদেশানুযায়ী নিলামে বিক্রয় প্রযোজ্য নহে এরূপ পণ্য সংশ্লিষ্ট লটে অর্ন্তভূক্ত থাকলে ক্যাটালগভুক্ত উক্ত পণ্য ব্যতীত অন্যান্য পণ্য খালাস গ্রহণ করতে হবে।

০৭। নিলামের সংরক্ষিত দরমূল্য নিলামের ক্যাটালগে লটভিত্তিক উল্লেখ করতে হবে।

০৮। কোন কারণ দর্শানো ব্যতীরেকেই যে কোন দরপত্র বাতিল/গ্রহণ করার ক্ষমতা কর্তৃপক্ষ সংরক্ষণ করেন।

এ পরিপ্রেক্ষিতে, উক্ত তারিখের মধ্যে সংযুক্ত বিজ্ঞপ্তি প্রচারের ব্যবস্থা গ্রহণের জন্য আপনাকে নির্দেশ দেয়া হলো। সিল্ড টেন্ডারের সিডিউল ও আনুষঙ্গিক কাগজপত্র ও বিজ্ঞপ্তি প্রকাশ হলে উক্ত পত্রিকার কপি এবং ক্যাটালগ (ই-অকশন নম্বর ০১/২০২৬ এর জন্য) আগামী ১৯/০৪/২০২৬ খ্রি. তারিখের মধ্যে নিম্ন স্বাক্ষরকারীর নিকট জমা দেয়ার জন্য অনুরোধ করা হলো।

সংযুক্তি: নিলাম বিজ্ঞপ্তি।

১৬.৪.২৬

মোঃ রফিকুল ইসলাম
অ্যাসিস্ট্যান্ট কমিশনার অব কাস্টমস
ও
সদস্য সচিব, নিলাম কমিটি
কাস্টমস হাউস, ঢাকা

মেসার্স কে এম কর্পোরেশন (সরকারি নিলামকারী),
৮০, মতিঝিল বা/এ, ঢাকা।

নথি নং- ৫-কাস-১২(০৯)/ই-অকশন-০১/২০২৬/মূলনথি/২০২৬/ ৪৫২৩(১২) তারিখ: ১৬/০৪/২০২৬ খ্রি.

**অনুলিপি অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে:**

০১। সিস্টেমস ম্যানেজার (কাস্টমস গোয়েন্দা ও নিলাম), জাতীয় রাজস্ব বোর্ড, আগারগাঁও, শেরেবাংলা নগর, ঢাকা- ১২০৭ (নিলাম দরপত্রের বিজ্ঞপ্তি জাতীয় রাজস্ব বোর্ডের ওয়েবসাইটে (www.nbr.gov.bd) প্রকাশের অনুরোধসহ)।

০২। দ্বিতীয় সচিব (কাস্টমস গোয়েন্দা ও নিলাম), জাতীয় রাজস্ব বোর্ড, আগারগাঁও, শেরেবাংলা নগর, ঢাকা- ১২০৭ (নিলাম দরপত্রের বিজ্ঞপ্তি জাতীয় রাজস্ব বোর্ডের ওয়েবসাইটে (www.nbr.gov.bd) প্রকাশের অনুরোধসহ)।

০৩। ডেপুটি/সহকারী কমিশনার (নিলাম শাখা), কাস্টমস হাউস, আইসিডি, কমলাপুর, ঢাকা [পত্রে বর্ণিত দিন সমূহে দরপত্র দাতাগণ যাতে তাদের দরপত্র বাক্সে ফেলতে পারে, সে জন্য আপনার অফিস কক্ষে একটি টেন্ডার বাক্স রাখার জন্য সবিনয়ে অনুরোধ করা হলো ]।

০৪। ডেপুটি/সহকারী কমিশনার (সদর), কাস্টমস এক্সাইজ ও ভ্যাট কমিশনারেট, ঢাকা দক্ষিণ/ঢাকা উত্তর,ঢাকা [পত্রে বর্ণিত দিনসমূহে আপনার দপ্তর হতে দরপত্র দরদাতারা যাতে তাদের দরপত্র বাক্সে ফেলতে পারে, সে জন্য আপনার অফিস কক্ষে একটি টেন্ডার বাক্স রাখার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহনের জন্য সবিনয়ে অনুরোধ করা হলো]।

০৫। ডেপুটি/সহকারী কমিশনার, এয়ারফ্রেইট ইউনিট, কাস্টমস হাউস, ঢাকা।

০৬। ডেপুটি/সহকারী কমিশনার, কুরিয়ার ইউনিট,কাস্টমস হাউস, ঢাকা।

০৭। সহকারী ইডিপি ম্যানেজার, কাস্টমস হাউস, ঢাকা (তাঁকে নিলাম দরপত্রের বিজ্ঞপ্তি এ দপ্তরের ওয়েবসাইটে (www.dch.gov.bd) প্রকাশের ব্যবস্থার অনুরোধসহ)।

০৮। গুদাম কর্মকর্তা, রাষ্ট্রীয় গুদাম-১/২/৩, কাস্টমস হাউস, ঢাকা [তাঁকে নিলামকারী মেসার্স কে এম কর্পোরেশন (মোবাইল নং- ০১৮২৩-৫৩০২২৫) এর সহযোগিতায় ই-অকশন নম্বর ০১/২০২৬ এর ক্যাটালগভুক্ত পণ্যসমূহ আগামী ২১/০৪/২০২৬খ্রি. হতে ২৩/০৪/২০২৬ খ্রি. তারিখে দরদাতাগণের নিকট প্রদর্শনের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো]।

০৯। রাজস্ব কর্মকর্তা (নিলাম শাখা), কাস্টমস হাউস, ঢাকা [তাঁকে ২০/০৪/২০২৬ খ্রি. তারিখে অত্র দপ্তরের নিলামের টেন্ডার বাক্স কাস্টমস, এক্সাইজ ও ভ্যাট কমিশনারেট, ঢাকা (উত্তর)/ঢাকা (দক্ষিণ) ও কাস্টমস হাউস, আইসিডি, কমলাপুর, ঢাকা এর অফিস কক্ষে পৌঁছানো এবং ০৩/০৫/২০২৬ খ্রি. তারিখে দরপত্র খোলার দিন কাস্টমস হাউসে টেন্ডার বাক্স আনার সার্বক্ষণিক তদারকি ব্যবস্থা গ্রহণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো]।

১০। আনসার, প্লাটুন কমান্ডার, কাস্টমস হাউস, ঢাকা। তাঁকে নিলামের বাক্স ও অফিসের নিরাপত্তার জন্য উল্লিখিত দিনগুলোতে ০২ (দুই) জন আনসার আগ্নেয়াস্ত্রসহ উপস্থিত রাখার জন্য অনুরোধ করা হলো।

১১। যানবাহন কর্মকর্তা, কাস্টমস হাউস, ঢাকা (তাঁকে আগামী ২০/০৪/২০২৬ খ্রি. এবং ০৩/০৫/২০২৬ খ্রি. তারিখে টেন্ডার বাক্স আনা-নেয়ার কাজে পর্যাপ্ত সংখ্যক গাড়ীর ব্যবস্থা রাখার জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো)।

১২। জনাব এম. এম. হাবিবুর রহমান, সহকারী রাজস্ব কর্মকর্তা, নিলাম শাখা, কাস্টমস হাউস, ঢাকা (তাঁকে মেসার্স কে এম কর্পোরেশন, সরকারি নিলামকারী এর সহযোগিতায় আগামী ২০/০৪/২০২৬ খ্রি. এবং ০৩/০৫/২০২৬ খ্রি. তারিখে টেন্ডার বাক্সগুলো কাস্টমস, এক্সাইজ ও ভ্যাট কমিশনারেট, ঢাকা (দক্ষিণ), ঢাকা এবং কাস্টমস হাউস, আইসিডি, কমলাপুর কার্যালয়ে টেন্ডার বাক্স স্থাপন ও আনয়নের প্রয়োজনীয় কার্যক্রম গ্রহণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো)।

১৩। জনাব মোঃ এনামুল হক-১, সহকারী রাজস্ব কর্মকর্তা, (নিলাম শাখা), কাস্টমস হাউস, ঢাকা ( তাঁকে মেসার্স কে এম কর্পোরেশন, সরকারি নিলামকারী এর সহযোগিতায় আগামী ২০/০৪/২০২৬ খ্রি. এবং ০৩/০৫/২০২৬ খ্রি. তারিখে কাস্টমস, এক্সাইজ ও ভ্যাট কমিশনারেট, ঢাকা (উত্তর), ঢাকা কার্যালয়ে টেন্ডার বাক্সটি স্থাপন ও আনয়নের প্রয়োজনীয় কার্যক্রম গ্রহনের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো)।

১৪। পিএ টু কমিশনার, কাস্টমস হাউস, ঢাকা (কমিশনার মহোদয়ের সদয় অবগতির জন্য)।

১৫। নোটিশ বোর্ড, কাস্টমস হাউস, ঢাকা।

মোঃ রফিকুল ইসলাম
অ্যাসিস্ট্যান্ট কমিশনার অব কাস্টমস
ও
সদস্য সচিব, নিলাম কমিটি

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
কাস্টমস হাউস, ঢাকা
www.dch.gov.bd
Email:dch@nbr.gov.bd

# নিলাম দরপত্রের বিজ্ঞপ্তি
## (ই-অকশন নম্বর ০১/২০২৬)

কমিশনার অব কাস্টমস, কাস্টমস হাউস, ঢাকার নির্দেশক্রমে বিভিন্ন ব্র্যান্ডের মোবাইল (BTRC এর পূর্ব অনুমতি গ্রহণকৃত) যেখানে যে অবস্থায় আছে সে ভিত্তিতে নিলামে বিক্রয়ের লক্ষ্যে আগ্রহী নিলাম ক্রেতাদের নিকট থেকে অনলাইনে (**E-Auction**) এবং প্রচলিত পদ্ধতিতে সরাসরি দরপত্র আহ্বান করা হচ্ছে।

০২। আগ্রহী দরদাতাগণ আগামী ২০/০৪/২০২৬ খ্রি. তারিখ থেকে ০৩/০৫/২০২৬ খ্রি. তারিখ বেলা ১২:৩০ ঘটিকা পর্যন্ত জাতীয় রাজস্ব বোর্ড এর ওয়েবসাইটে (**www.nbr.gov.bd**) এবং কাস্টমস হাউস ঢাকার ওয়েবসাইটে (**www.dch.gov.bd**) প্রদর্শিত **E-Auction** লিংকে প্রবেশ করে দরপত্র দাখিল করতে পারবেন।

০৩। এছাড়া **E-Auction** এর পাশাপাশি আগ্রহী দরদাতাগণ আগামী ২০/০৪/২০২৬ খ্রি. তারিখ সকাল ০৯:০০ টা থেকে ০৩/০৫/২০২৬ খ্রি. তারিখ বেলা ১২:৩০ ঘটিকা পর্যন্ত (১) ডেপুটি/অ্যাসিস্ট্যান্ট কমিশনার অব কাস্টমস (নিলাম), কাস্টমস হাউস, ঢাকা, (২) উপ/সহকারী কমিশনার (সদর), কাস্টমস, এক্সাইজ ও ভ্যাট কমিশনারেট, ঢাকা (উত্তর), ঢাকা (৩) উপ/সহকারী কমিশনার (সদর), কাস্টমস, এক্সাইজ ও ভ্যাট কমিশনারেট, ঢাকা (দক্ষিণ), ঢাকা (৪) ডেপুটি/অ্যাসিস্ট্যান্ট কমিশনার অব কাস্টমস (নিলাম), কাস্টমস হাউস, আইসিডি, কমলাপুর, ঢাকা অফিস কক্ষে দরপত্র বাক্স রক্ষিত থাকবে। তবে, যারা **E-Auction** এর লিংকে দরপত্র দাখিল করবেন তাদের টেন্ডার বাক্সে দরপত্র দাখিল করার প্রয়োজন নেই এবং যারা টেন্ডার বক্সে দরপত্র দাখিল করবেন তাদের **E-Auction** এর লিংকে দরপত্র দাখিল করার প্রয়োজন নেই।

০৪। **E-Auction** সফটওয়্যারে নিবন্ধন করতে বা দরপত্র দাখিলের ক্ষেত্রে কোন দরদাতা কোন প্রকার সমস্যার সম্মুখীন হলে তাদেরকে কাস্টমস হাউসের নিলাম শাখার হেল্প লাইনে (জনাব মিঠুন কুমার মালাকার, সহকারী রাজস্ব কর্মকর্তা, মোবাইল নম্বর: ০১৭৪০-৮৩৭৭৭৮, জনাব মোঃ আব্দুল মোমিন, প্রোগ্রামার, মোবাইল নম্বর: ০১৫২১-১০৮৯৩৯) যোগাযোগ করার জন্য অনুরোধ করা যাচ্ছে।

০৫। **E-Auction No.** ০১/২০২৬ এর ক্যাটালগ ও দরপত্র উক্ত ওয়েবসাইট হতে অথবা সরকারি নিলামকারীর দপ্তর মেসার্স কে এম কর্পোরেশন, ৩০৬ স্ট্যান্ড রোড, মাঝিরঘাট, চট্টগ্রাম, কার্যালয় হতে সংগ্রহ করা যাবে। ক্যাটালগে বর্ণিত পণ্য আগামী ২১/০৪/২০২৬ খ্রি. তারিখ থেকে ২৩/০৪/২০২৬ খ্রি. তারিখে অফিস চলাকালীন সরেজমিনে পরিদর্শন করা যাবে। উল্লেখ্য, প্রত্যেক নিলাম ক্রেতাকে জাতীয় রাজস্ব বোর্ডের নিলাম সংক্রান্ত স্থায়ী আদেশ- ৯১/কাস্টমস/২০২৫/১২৩, তারিখ: ০২/০৭/২০২৫ খ্রি. এর সকল শর্ত পরিপালন করতে হবে।

০৬। দরপত্রের সাথে উদ্ধৃত মূল্যের ১০% জামানত পৃথকভাবে **"DCH Commissioner Auction Fund"** কাস্টমস হাউস, ঢাকার অনুকূলে যে কোন তফসিলি ব্যাংক হতে পে-অর্ডার এর মাধ্যমে জমা দিতে হবে। দরদাতার যোগ্যতা নিম্নরূপ:

ক) দরদাতা প্রতিষ্ঠানের ক্ষেত্রে: প্রতিটি দরপত্রের সাথে হালনাগাদ ট্রেড লাইসেন্স, মূসক নিবন্ধন, টি. আই. এন সনদপত্র ও হালনাগাদ আয়কর রিটার্ন দাখিলের প্রত্যয়নপত্র;

খ) ব্যক্তির ক্ষেত্রে: জাতীয় পরিচয়পত্র, টি. আই. এন সনদ ও হালনাগাদ আয়কর রিটার্ন দাখিলের প্রত্যয়নপত্র ক্রয়কৃত সিডিউলের সাথে জমা দিতে হবে। অসম্পূর্ণ দরপত্র/পে-অর্ডার/ব্যাংক ড্রাফট কোন ক্রমেই গ্রহণযোগ্য/বিবেচিত হবে না।

০৭। যারা **E-Auction** পদ্ধতিতে নিলামে অংশগ্রহণ করবেন তাদের জামানতের পে-অর্ডার এর হার্ডকপি ০৩/০৫/২০২৬ খ্রি. তারিখের মধ্যে অ্যাসিস্ট্যান্ট কমিশনার অব কাস্টমস, নিলাম শাখা, কাস্টমস হাউস, ঢাকা বরাবর দাখিল করতে হবে।

০৮। ০৩/০৫/২০২৬ খ্রি. তারিখ বেলা ০২:৩০ ঘটিকায় উপস্থিত দরদাতাদের সম্মুখে টেন্ডার বক্স উন্মুক্ত করা হবে। অনুমোদিত দরদাতাকে দরপত্রে উল্লিখিত মূল্যের অতিরিক্ত হিসাবে সরকার কর্তৃক নির্ধারিত হারে আয়কর ও মূল্য সংযোজন কর ট্রেজারি চালানের মাধ্যমে পরিশোধ করতে হবে। নিলাম বাবদ উল্লেখিত সমুদয় অর্থ নির্ধারিত সময়ে জমা প্রদানে ব্যর্থ হলে জামানতের অর্থ বাজেয়াপ্ত করা হবে। কর্তৃপক্ষ যুক্তিসঙ্গত কারণে নিলাম অনুষ্ঠিত হওয়ার সর্বোচ্চ ০২ (দুই) দিন পূর্বে ক্যাটালগে কোন লট সংশোধন বা সংযোজন বা ক্যাটালগ হতে প্রত্যাহার করার অধিকার সংরক্ষণ করেন।

মোঃ রফিকুল ইসলাম
অ্যাসিস্ট্যান্ট কমিশনার অব কাস্টমস
ও
সদস্য সচিব, নিলাম কমিটি